দৈনিক
ইনকিলাব

তারিখ 2 SEP 2009
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# ঢাবিতে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তি বন্ধের চক্রান্ত প্রতিহত করা হবে

## -অধিকার সংরক্ষণ কমিটি

স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তিতে সর্বোচ্চ আদালতের নির্দেশ উপেক্ষা করে নতুন শর্তারোপ করার ষড়যন্ত্রের প্রতিবাদে মাদ্রাসা ছাত্র অধিকার সংরক্ষণ কমিটি ঢাকাসহ সারাদেশের বিভাগীয় শহরে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। এছাড়া মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ এক বিবৃতিতে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তি বন্ধের চক্রান্ত প্রতিহত করার আহবান জানিয়েছে। গতকাল (মঙ্গলবার) সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের পৃঃ ১৩ কঃ ৮

## ঢাবিতে মাদ্রাসা শিক্ষার্থীদের

১ম-এর পৃষ্ঠার পর

সম্মুখে ৫ শতাধিক মাদ্রাসা থেকে আসা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর অংশগ্রহণে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এসময় বক্তব্য রাখেন মাদ্রাসা ছাত্র অধিকার সংরক্ষণ কমিটির আহবায়ক মনিরুজ্জামান, সদস্য সচিব শরীফুল্লাহ, সদস্য মাসরুল ইসলাম, হাবিবুর রহমান প্রমুখ। সংগঠনের আহবায়ক মনিরুজ্জামান বলেন, ঢাবির সাতটি বিভাগে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তির ব্যাপারে ইতিপূর্বে আরোপিত নিষেধাজ্ঞা সর্বোচ্চ আদালতের রায়ের মাধ্যমে অবৈধ ঘোষণা করে মাদ্রাসা শিক্ষার্থীদের উচ্চশিক্ষার অধিকার নিশ্চিত করা হয়। একইভাবে উক্ত আদালতের নির্দেশে ১৯৮৬ সালে প্রণীত এসএসসি ও এইচএসসির সাথে দাখিল ও আলিমের সমমানের বিষয়টিও চূড়ান্ত নিষ্পত্তি হয়। অথচ মীমাংসিত বিষয়টিকে আবারও নতুন করে ইস্যু বানিয়ে দাখিল ও আলিম পর্যায়ে বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বরের শর্তারোপ করে পূর্বোক্ত সাতটি বিভাগে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তি বন্ধের ষড়যন্ত্র করতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ধরনের অসাংবিধানিক ও বৈষম্যমূলক সিদ্ধান্ত নেয়া থেকে বিরত থাকার আহবান জানান তিনি। অন্যথায় সারাদেশের মাদ্রাসা শিক্ষার্থীদের নিয়ে কর্মসূচি দিয়ে বিশ্ববিদ্যালয় অচল করে দেওয়ার ঘোষণা দেন তিনি।

বক্তারা বলেন, ঠিক কোন আক্রোশের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাদ্রাসা শিক্ষার্থীদের অধিকার হরণ করতে এত বেশি আগ্রহী তা আমাদের বোধগম্য নয়। তবে যাদের অক্লান্ত সংগ্রাম আর প্রচেষ্টা এবং যে সকল মানুষগুলোর অর্থ ও জমির উপর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত, তাদের প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি ন্যূনতম সম্মান প্রদর্শন করার ইচ্ছা পোষণ করেন। তবে কোন রকম শর্ত উত্থাপন ছাড়াই মাদ্রাসা শিক্ষার্থীদের সর্বাগ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া উচিত। সংগঠনটি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, দেশের বাকি বিভাগীয় শহরগুলোতেও এক দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

এদিকে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ নামে অপর সংগঠন এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তি বন্ধের চক্রান্ত প্রতিহত করার জন্য দেশবাসীর প্রতি আহবান জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়, দেশের সর্বোচ্চ আদালতের রায়কে পাশ কাটিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বৈরাচারী কায়দায় মাদ্রাসা শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি বন্ধের চক্রান্ত করছে। আদালতের রায় ও জনমতকে উপেক্ষা করে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত বাস্তবায়ন করতে চাচ্ছে তা বর্তমান সরকারের মাদ্রাসা শিক্ষা ধ্বংসের নীল নকশার বাস্তবায়ন। নেতৃবৃন্দ বলেন, এই সরকার ক্ষমতায় আসার সময় জনগণের নিকট ওয়াদা করেছিল তারা ইসলামবিরোধী কোন কাজ করবে না। কিন্তু সময় যতই গড়াচ্ছে সরকার একটার পর একটা ইসলামবিরোধী কাজ বাস্তবায়ন করে চলেছে।